

8 সেপ্টেম্বর, 2022

প্রিয় পরিবারবর্গ:

2022-2023 শিক্ষা বছরে স্বাগতম!

চার সন্তানের জনক হিসেবে, সেপ্টেম্বরের উত্তেজনা এবং নতুন স্কুল বছর কী বয়ে আনবে তা নিয়ে আমার ছেলেমেয়েদের মাঝে উদ্দীপনা এখনও আমার স্মৃতিতে ভাসে। তারা কি তাদের শিক্ষকদের পছন্দ করবে? নতুন বন্ধুত্ব পাতানো সহজ হবে কি? তারা ক্লাসে ভাল ফলাফল করবে কি? আমি তাদের নিশ্চিত করতাম যে আমি বাড়িতে তাদের যতটুকু সম্বন্ধে লালন করি, স্কুলের প্রাপ্ত-বয়স্কগণ তাদের ঠিক ততটুকুই সম্বন্ধে লালন করবেন।

এখন, আমি যখন চ্যান্সেলর হিসেবে আমার প্রথম "স্কুলের প্রথম দিন"-এর অভিজ্ঞতা অর্জন করছি, আমি আপনাদের এবং আমাদের শিক্ষকদের প্রতি কৃতজ্ঞ, যারা আমার মতই আমাদের শিক্ষার্থীদের স্বাগত জানাতে উদ্দীপ্ত হয়ে আছেন। এছাড়াও আমি কৃতজ্ঞ বোধ করি যে আপনাদের ছেলেমেয়েদের আমাদের ক্লাসরুমে পাঠানোর মাধ্যমে, আপনি আমাদের উপর ব্যাপক আস্থা রেখেছেন—আমরা আপনাদের ছেলেমেয়েদের বৌদ্ধিকভাবে চ্যালেঞ্জ করবো, যেন তারা তাদের সীমাহীন কল্পনা লাগাম ছেড়ে দিতে পারে, সেই আস্থা। আমরা তাদের নিরাপদ রাখবো এবং মানুষের মত মানুষ হিসেবে বড় হতে তাদের সহায়তা করবো, সেই আস্থা। তারা একটি ফলপ্রসূ ক্যারিয়ারের পথ-পরিক্রমা সহ গ্যাজুয়েট হবে এবং দীর্ঘ-মেয়াদী অর্থনৈতিক নিরাপত্তা উপভোগ করতে, সেই আস্থা। আমরা আপনাদের ছেলেমেয়েদের আমাদের বিশ্বে পরিবর্তন আনতে কীভাবে ইতিবাচক শক্তি হতে হবে তা শেখাবো, সেই আস্থা।

আমি এই সবগুলো—এবং আরো অনেক কিছু সম্পাদন করার প্রতি অঙ্গীকারবদ্ধ।

আপনাদের ছেলেমেয়েদের আরো ভালো পরিষেবা দেয়ার জন্য শিক্ষার্থী অভিজ্ঞতা নতুন আঙ্গিকে রূপ দিতে আমার টিম এবং আমি পুরো গ্রীষ্ম ব্যয় করেছি। সাক্ষরতা, যা সকল শিক্ষার ভিত্তিমূলক গঠন স্তর, এই শিক্ষা বছর সেটার প্রতি জোর মনোনিবেশ করা হবে। সকল এলিমেন্টারি স্কুলে একটি উচ্চ-মানসম্পন্ন, ধ্বনিবিজ্ঞান বা ফোনিক্স-ভিত্তিক সাক্ষরতা কর্মসূচি বাস্তবায়নের মাধ্যমে আমরা রিডিং (পড়ে বোঝা) কীভাবে শিক্ষা দেই তা ব্যাপক পরিবর্তন করছি। শিক্ষার্থীদের স্থানীয় জাদুঘর বা মিউজিয়াম, পার্ক, এবং আমাদের অসাধারণ এই সিটি আর যেসব চমৎকার সংস্থান বা রিসোর্স অফার করে সেগুলোতে নিয়মিত পরিদর্শন অফারের মাধ্যমে, আমরা শিক্ষাকে ক্লাসরুমের চার দেয়ালের বাহিরে সম্প্রসারণ করছি। একই সাথে, আমরা শিক্ষার্থীদের ডিজিটাল শিক্ষা অভিজ্ঞতা উন্নত করছি।

এই বছর, সকল ছেলেমেয়েদের আমরা যেভাবে পরিষেবা দেই তা উন্নতি করতে, আপনাদের অনুরোধ অনুযায়ী আরো অধিক শিক্ষার সুযোগ অফার করছি। এতে অন্তর্ভুক্ত কমিউনিটি স্কুল, গিফটেড অ্যান্ড ট্যালেন্টেড প্রোগ্রাম, বাইলিঙ্গুয়াল বা দ্বিভাষিক শিক্ষা কর্মসূচি এবং প্রতিবন্ধিতায়ুক্ত শিক্ষার্থীদের জন্য দীর্ঘ-মেয়াদী শিক্ষায়তনিক সফলতা বৃদ্ধির জন্য কর্মসূচিসমূহ। আরেকটি প্রাধান্য সার্বিক সুস্থতা এবং শিক্ষার্থীর সফলতায় এটার ভূমিকা সম্পর্কেও আপনাদের আরো জানানো হবে।

আপনার হচ্ছেন আমাদের স্কুল কমিউনিটির চালিকা-শক্তি এবং আপনার সন্তানের শিক্ষায় আমাদের সত্যিকারের অংশিদার এই স্বীকারোক্তি ব্যতীত আমি পরিবারদের কাছে লিখতে পারি না। আপনাদের ছেলেমেয়েদের সফলতায় আপনার যে তথ্য ও

সহায়তা প্রয়োজন তা পাবার আসন্ন উন্নত উপায়সমূহের প্রতি লক্ষ্য রাখবেন। এতে অন্তর্ভুক্ত হবে যেসব পরিবার ইংরেজি ভিন্ন অন্য ভাষায় কথা বলে তাদের জন্য বর্ধিত ভাষাগত সুবিধা এবং আমাদের একযোগে কাজ করার আরো সুযোগ।

NYC পাবলিক স্কুল বেছে নেয়ার জন্য ধন্যবাদ। আমি জানি অনেক চ্যালেঞ্জপূর্ণ সময় পার হতে হয়েছে এবং আমি আশা করছি আপনারা একমত হবেন যে আমাদের স্কুলগুলো সকল ছেলেমেয়েদের তাদের প্রাপ্য উজ্জ্বল, বলিষ্ঠ ভবিষ্যতের পথে অগ্রসর করতে সदा প্রস্তুত আছে। নতুন শিক্ষা বছর সম্পর্কে সর্বসাম্প্রতিক হালনাগাদকৃত তথ্য পেতে schools.nyc.gov/bts2022 দেখার জন্য আমি আপনাদের উৎসাহিত করছি।

বরাবরের মতই, আমাদের ছেলেমেয়েদের আরো ভালভাবে পরিষেবা দিতে আপনাদের সাথে অংশিদার হতে পেরে আমি সম্মানিত বোধ করছি। আমি সত্যিই বিশ্বাস করি যে শ্রেষ্ঠত্ব আসবে আগামীতে! অতএব, আসুন 2022-2023 শিক্ষা বছর শুরু করি!

উচ্চ প্রত্যাশাসহ,



ডেভিড সি. ব্যাংকস্ (David C. Banks)
নিউ ইয়র্ক সিটি স্কুলস চ্যাসেলর